

সরকারী কলেজ শিক্ষকদের কর্মসূচী চলছে ॥ আন্দোলনে নামছেন বেসরকারী শিক্ষকরা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ দেশের সরকারী ও বেসরকারী শিক্ষকরা এখন মুখোমুখি অবস্থানে। সরকারী কলেজের শিক্ষকরা যখন শিক্ষাসংক্রিষ্ট ১৪০ প্রশাসনিক ক্যাডারের কর্মকর্তাদের প্রত্যাহার ও বিভিন্ন দাবিতে ক্রাস বর্জনসহ বিভিন্ন কর্মসূচী পালন করছেন, তিক সেই মুহূর্তে সরকারী-বেসরকারী শিক্ষকদের বৈষম্য দূরীকরণের দাবিতে বেসরকারী শিক্ষকরা আন্দোলনে নামছেন। বাংলাদেশ শিক্ষক সমিতির ব্যানারে বেসরকারী শিক্ষকরা এই দাবিতে আগামী ১০ জুলাই শিক্ষামন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী ও শিক্ষা সচিবের কাছে স্মারকলিপি দেবেন। এই সময়ের মধ্যে দাবি পূরণ না হলে তাঁরা কঠোর কর্মসূচীতে যাবেন।

মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ এই কর্মসূচী ঘোষণা করেন। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, সমিতির মহাসচিব মোঃ সেলিম উল্লাহ হুইয়া। এ সময় আরও উপস্থিত ছিলেন মোঃ আলী, আব্দুল বালেক প্রমুখ। সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, একই যোগ্যতা ও অভিজ্ঞতা থাকা সত্ত্বেও সরকারী ও বেসরকারী শিক্ষকদের মধ্যে বৈষম্য, স্বাধীন-সার্বভৌম দেশে কাম্য নয়।